দৈনিক ইত্তেফাক

তারিখ 12 AUG 1995
পৃষ্ঠা ১২ কলাম ২

# মেধার লড়াই

মাইনুল হাসান ॥ এসএসসি পরীক্ষায় এ বছর মেধার লড়াই পরিলক্ষিত হইয়াছে। ৪টি বোর্ডের ১৬০টি মেধাস্থানে ৪৩১ জন ভাগ বসাইয়াছে। প্রতিযোগিতা তীব্রতর হয় ঢাকা বোর্ডে। সাধারণ বিজ্ঞান বিভাগে ২০টি আসন দখল করিয়াছে ১২৯ জন। ইহা একটি নূতন রেকর্ড, ইহার পরের স্থান রাজশাহী বোর্ডের। ঐ একই বিভাগে প্রথম ২০ স্থানের জন্য লড়াই করিয়া ৭২ জন টিকিয়াছে। দেশের ৪টি বোর্ডে ২৮৫ জন সাধারণ বিজ্ঞান ও ১৪৬ জন সমাজ বিজ্ঞানে মেধা তালিকায় স্থান পাইয়াছে। তাহাদের মধ্যে ৬৫ জন ছাত্রী সাধারণ বিজ্ঞানে ও ৬৫ জন সমাজ বিজ্ঞানে স্থান পায়। ঢাকা বোর্ডে মেধা তালিকার ২০তম স্থান দখল করে ১৬ জন ও রাজশাহী বোর্ডে ১৩শ স্থান দখল করে ১১ জন। তাহারা সকলে সাধারণ বিজ্ঞানের। এবারে ৪টি বোর্ডের মধ্যে সর্বোচ্চ নম্বর পাইয়াছে কুমিল্লা বোর্ডের জামিল তৌফিক ইমাম। প্রাপ্ত নম্বর ৯০৬। দ্বিতীয় স্থানে রহিয়াছে যশোর বোর্ডের ওয়ালিউল্লাহ

( ১১শ পৃঃ ৮-এর কঃ দ্রঃ )

## মেধার লড়াই

( শেষ পৃঃ পর )

খান নোমানী। প্রাপ্ত নম্বর ৯০০। ৪টি বোর্ডের তিনটিতে, অর্থাৎ সমাজ বিজ্ঞান বিভাগে প্রথম স্থান দখল করিয়াছে। ছাত্রীরা বোর্ডগুলি হইতেছে যশোর, কুমিল্লা ও রাজশাহী। ঢাকা বোর্ডে সাধারণ বিজ্ঞানে একজন ছাত্রী যৌথভাবে মেধা তালিকায় প্রথম স্থান দখল করিয়াছে। এ বছর পাসের হার সবচাইতে বেশী কুমিল্লা বোর্ডের ৭৪ দশমিক ৯৩। সবচাইতে কম যশোর বোর্ডের ৭০ দশমিক ৭৪। এবারে সবচাইতে ভাল ফল করিয়াছে বরিশাল ক্যাডেট কলেজ। যশোর বোর্ডে এ কলেজের ছাত্ররা প্রথম ২০টি স্থানের মধ্যে বিজ্ঞান বিভাগে ১৩টি ও সমাজ বিজ্ঞানে ২টি স্থান দখল করে।